দৈনিক ইত্তেফাক

তারিখ ...... NOV 0 1 1999 ...
পৃষ্ঠা 5 কলাম 7......

116

# ২রা নভেম্বর মাধ্যমিক নির্বাচনী পরীক্ষা শুরু

চট্টগ্রাম অফিস ॥ বাংলাদেশ শিক্ষক সমিতি চট্টগ্রাম আঞ্চলিক শাখা পরিচালিত ১৯৯৯ সালের আন্তঃ মাধ্যমিক নির্বাচনী পরীক্ষা আগামী ২রা নভেম্বর হইতে অনুষ্ঠিত হইবে। গত মঙ্গলবার সমিতির এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় : বৃহত্তর চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রামের সকল বিদ্যালয়ে ১৫টি সরবরাহ কেন্দ্রের মাধ্যমে ১লা নভেম্বর সকাল ১০টা হইতে বিকাল ৫টা পর্যন্ত সংশ্লিষ্ট বিদ্যালয় প্রধান কিংবা তাহার প্রাধিকার পত্রধারী শিক্ষককে নগদ মূল্যে চাহিদা পত্র অনুযায়ী প্রশ্নপত্রসহ যাবতীয় কাগজ-পত্র সরবরাহ করা হইবে। যে সকল বিদ্যালয় প্রধান এখনো চাহিদাপত্র প্রেরণ করেন, নাই তাহাদেরকে অবিলম্বে "এক কপি" চাহিদাপত্র শিক্ষক ভবন, ৪০০ আন্দরকিল্লা এই ঠিকানায় এবং অপর কপি সরবরাহ কেন্দ্রে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হইয়াছে।